গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ইএমআইএস সেল
www.dshe.gov.bd

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১৩.৪৯.০০০১.১৯.২৫

**বিষয়:** **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন "অফিসসমূহ আঞ্চলিক কার্যালয়/জেলা/উপজেলা/থানা" এবং "সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ" এর নিজস্ব ওয়েবসাইট তৈরি/হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্র: স্বারক নং: ৩৭.০২.০০০০.১০১.০৬.০০১.২০২৫.৩২০; তারিখ ০৩/০৭/২০২৫

উপর্যুক্ত বিষয় এবং সুত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, অত্র অধিদপ্তরের আওতাধীন **"অফিসসমূহ আঞ্চলিক কার্যালয়/জেলা/উপজেলা/থানা"** এবং "**সরকারি শিক্ষা** প্রতিষ্ঠানসমূহ" এর অনেকের নিজস্ব ওয়েবসাইট নেই এবং যাদের আছে তাদের হালনাগাদ নেই। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) -এর অধীন **সরকারি প্রতিষ্ঠানসমূহ** সরকারি আর্থিক ব্যয় সংকোচনের স্বার্থে আলাদাভাবে দপ্তরের নিজস্ব ব্যয়ে ওয়েবসাইট তৈরি না করে স্ব-স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটসমূহ আবশ্যিকভাবে জাতীয় তথ্য বাতায়ন ফ্রেমওয়ার্ক এর আওতায় তৈরি করবে এবং তাদের প্রয়োজনীয় তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, স্কুল এন্ড কলেজ এবং কলেজ) ওয়েবসাইট তৈরি/হালনাগাদকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। অনেক শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইট নেই বা থাকলেও হালনাগাদ নেই। উল্লেখ্য, প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইটে প্রতিষ্ঠান পরিচিতি, প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি ও স্বীকৃতি, শ্রেণি ও লিঙ্গভিত্তিক শিক্ষার্থীর তথ্য, শ্রেণিভিত্তিক অনুমোদিত শাখার তথ্য, পাঠদান সংক্রান্ত তথ্য (শিক্ষক, শিক্ষিকার নামসহ পূর্ণাঙ্গ রুটিন, পাঠ্যসূচী, বিবিধ নোটিশ ইত্যাদি), এমপিও, প্রতিষ্ঠানের ফোন/মোবাইল নম্বরসহ যোগাযোগের ঠিকানা, তথ্য সেবা কেন্দ্রের ঠিকানা ও মোবাইল নম্বর, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার ঠিকানা ও মোবাইল নম্বর, প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষক-কর্মচারীর তথ্য, ব্যবস্থাপনা কমিটির তথ্য হালনাগাদ রাখতে হবে।

এমতাবস্থায়, আগামী **৩১শে** জুলাই ২০২৫ইং তারিখের মধ্যে অত্র অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহ "**আঞ্চলিক কার্যালয়/জেলা/উপজেলা/থানা"** এবং "**সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, স্কুল এন্ড কলেজ)**" এর নিজস্ব ওয়েবসাইট তৈরি/হালনাগাদ করে প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ওয়েবঠিকানা মাউশি অধিদপ্তরের DSHE/EMIS এর IMS মডিউলে (www.emis.gov.bd) প্রদান করার জন্য অনুরোধ করা হল।

১৪-০৭-২০২৫
প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খান
মহাপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয়।
২। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক ( সকল কলেজ, স্কুল এন্ড কলেজ, স্কুল)।
৩। আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)।

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১৩.৪৯.০০০১.১৯.২৫/১ (১২)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**